রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৮০-আইন/২০২০।**—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০নং আইন) এর ধারা ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা অপরাধ উদঘাটনে (তথ্য প্রদানকারী) পুরস্কার প্রদান বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “অপরাধ” অর্থ আইনে উল্লিখিত বন্যপ্রাণী সংক্রান্ত কোনো অপরাধ;

(খ) “আই.সি.এন (Informer's Confidential Number)” অর্থ বিধি ৮ এর অধীন তথ্য প্রদানকারীকে সনাক্তকরণের জন্য প্রদত্ত পরিচিতি নম্বর;

(গ) “আইন” অর্থ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০ নং আইন);

(ঘ) “আর্থিক পুরস্কার” অর্থ বিধি ৫ এ বর্ণিত আর্থিক পুরস্কার;

(ঙ) “কমিটি” অর্থ বিধি ৩ এ বর্ণিত কমিটি;

(চ) “তথ্য প্রদানকারী” অর্থ যে কোনো ব্যক্তি এবং আইনের ধারা ২ এর উপধারা (৯) এ সংজ্ঞায়িত বন কর্মকর্তা ও কর্মচারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ বুঝাইবে।


**মূল্য :** টাকা ৮·০০

৩। **কমিটি ও উহার কর্মপরিধি**।—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি থাকিবে, যথা:—

(ক) প্রধান বন সংরক্ষক বা প্রধান ওয়ার্ডেন, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) উপ-প্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং;

(গ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বন অধিশাখা-২ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা;

(ঘ) পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন অধিদপ্তর;

(ঙ) অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন বা বন সংরক্ষক বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিটির কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) এই বিধি অনুযায়ী আর্থিক পুরস্কারের জন্য প্রস্তুতকৃত তালিকা পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদান;

(খ) বিধি ৫(১) অনুযায়ী আর্থিক পুরস্কারের পরিমাণ নির্ধারণ।

৪। **বন্যপ্রাণী অপরাধ উদঘাটনে গোপনীয়তা**।—অপরাধ উদঘাটনের লক্ষ্যে তথ্য অনুসন্ধান চলাকালীন সময়, তথ্য উদঘাটনের সময় বা, প্রয়োজনে, পরবর্তী সময়ে বন কর্মকর্তা তথ্য প্রদানকারীর পরিচয়সহ সকল তথ্যের গোপনীয়তা বজায় রাখিবেন।

৫। **আর্থিক পুরস্কার**।—(১) এই বিধিমালার অধীন তথ্য প্রদানকারীকে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত আথিক পুরস্কার প্রদান করা যাইবে, যথা:—

| ক্রমিক নং | বন্যপ্রাণী | অপরাধে জড়িত ব্যক্তি বা বন্যপ্রাণীসহ কোনো ব্যক্তি বনাঞ্চলের অভ্যন্তরে ধৃত হইলে (আর্থিক পুরস্কার) | অপরাধে জড়িত ব্যক্তি বা বন্যপ্রাণীসহ কোনো ব্যক্তি বনাঞ্চলের বাহিরে ধৃত হইলে (আর্থিক পুরস্কার) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বাঘ | ৫০,০০০/-টাকা | ২৫,০০০/-টাকা |
| ২। | কুমির বা হাতি | ৩০,০০০/-টাকা | ১৫,০০০/-টাকা |
| ৩। | হরিণ | ২০,০০০/-টাকা | ১০,০০০/-টাকা |
| ৪। | কচ্ছপ বা সাপ | ১৫,০০০/-টাকা | ১০,০০০/-টাকা |
| ৫। | পাখি বা অন্যান্য বন্যপ্রাণী | ১০,০০০/-টাকা | ৮,০০০/-টাকা |

(২) সরকার আর্থিক পুরস্কারের নিমিত্ত আর্থিক কোড-৩২১১১০১ খাতে বাৎসরিক অর্থ বরাদ্দ রাখিবে।

৬। **আর্থিক পুরস্কার প্রদানের শর্তাবলী**।—(১) কোনো তথ্য প্রদানকারীর নিকট হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অনুসন্ধানপূর্বক বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ উদঘাটন করা সম্ভব হইলে তথ্য প্রদানকারীকে আর্থিক পুরস্কার প্রদান করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন অপরাধ উদঘাটন করা সম্ভব না হইলেও, পরবর্তীতে আলামতসহ অপরাধ উদঘাটন বা অপরাধীকে সনাক্তকরণ ও আটক করা সম্ভব হইলে, তথ্য প্রদানকারীকে আর্থিক পুরস্কার প্রদানের জন্য বিবেচনায় আনা যাইবে।

(৩) এই বিধিতে যাহা কিছু থাকুক না কেন, নিম্নবর্ণিত ক্ষেত্রে তথ্য প্রদানকারীকে আর্থিক পুরস্কার প্রদানের বিষয় বিবেচনায় আনা যাইবে না, যথা:—

(ক) অপরাধ সংঘটনকারীকে সনাক্ত করা না গেলে;

(খ) অপরাধ সংঘটনকারীকে আটক বা হাতেনাতে ধৃত করা সম্ভব না হইলে; বা

(গ) অপরাধী সনাক্ত হইলেও বন্যপ্রাণী উদ্ধার করা সম্ভব না হইলে।

৭। **আর্থিক পুরস্কার নিরূপণ পদ্ধতি।**—(১) অপরাধ উদঘাটনের উদ্দেশ্যে তথ্য প্রদানকারী লিখিত অথবা মৌখিকভাবে তথ্য প্রদান করিবার সময় তদকর্তৃক প্রদত্ত তথ্যাদি ওয়ার্ডেন বা অতিরিক্ত ওয়ার্ডেন বা বন্যপ্রাণী অপরাধ নিয়ন্ত্রণ ইউনিটে এই বিধিমালার ফরম অনুযায়ী একটি রেজিস্টারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করিতে হইবে।

(২) অপরাধ উদঘাটিত হইবার পর আর্থিক পুরস্কার প্রদানের নিমিত্ত নির্দিষ্ট আই.সি.এন উল্লেখপূর্বক ওয়ার্ডেন বা অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন বা বন্যপ্রাণী অপরাধ নিয়ন্ত্রণ ইউনিট সুপারিশ সহকারে রেজিস্টারে লিপিবদ্ধ তথ্যাদি কমিটির নিকট প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত সুপারিশের ভিত্তিতে কমিটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রাপ্য আর্থিক পুরস্কারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) প্রধান ওয়ার্ডেন কমিটির সিদ্ধান্ত সংশ্লিষ্ট ওয়ার্ডেন বা অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন বা বন্যপ্রাণী অপরাধ নিয়ন্ত্রণ ইউনিটে প্রেরণ করিবেন।

(৫) আর্থিক পুরস্কার নির্ধারণের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৬) আর্থিক পুরস্কারের অর্থ সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা বা ওয়ার্ডেন বা অতিরিক্ত প্রধান ওয়ার্ডেন বা বন্যপ্রাণী অপরাধ নিয়ন্ত্রণ ইউনিটের মাধ্যমে তথ্য প্রদানকারীকে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিতরণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, কোনো তথ্য প্রদানকারী যদি জীবনের ঝুঁকির ভয়ে নিজের পরিচয় গোপন রাখিতে চাহেন, তাহা হইলে সেই ক্ষেত্রে বিধি ৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৮। **আর্থিক পুরস্কার হস্তান্তর, ইত্যাদি।**—(১) প্রত্যেক তথ্য প্রদানকারীকে একটি পরিচিতি সংখ্যা আই.সি.এন. দ্বারা সনাক্ত করিতে হইবে এবং পরবর্তীতে উক্ত তথ্য প্রদানকারী সংক্রান্ত সকল যোগাযোগ আই.সি.এন. অনুযায়ী করিতে হইবে।

(২) তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখিবার স্বার্থে প্রাপ্য আর্থিক পুরস্কার এবং উহা হস্তান্তর সম্পর্কিত কার্যক্রম কেবলমাত্র উপ-বিধি (১) এ বর্ণিত আই.সি.এন. এর ভিত্তিতে করিতে হইবে।

(৩) কোনো তথ্য প্রদানকারী যদি জীবনের ঝুঁকি ও ভীতির কারণে বিধি ৭ এর উপ-বিধি ৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে আর্থিক পুরস্কার সংগ্রহ করিতে অপারগ হন, তাহা হইলে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে ব্যক্তিগতভাবে আবেদনপূর্বক বন অধিদপ্তর হইতে তাহা সংগ্রহ করিতে পারিবে।

৯। **আর্থিক পুরস্কারের জন্য অযোগ্যতা।**—তথ্য প্রদানকারী আর্থিক পুরস্কারের জন্য অযোগ্য বিবেচিত হইবেন, যদি—

(ক) প্রদত্ত তথ্য পূর্বে প্রকাশিত হইয়া থাকে;

(খ) কোনো তথ্য বেনামে প্রদান করা হয়;

(গ) তথ্য প্রদানকারী নিজেই অপরাধের সহিত জড়িত থাকেন;

(ঘ) অন্য কোনো বৈধ কারণ থাকে।

**ফরম**

**বিধি ৭ (১) [দ্রষ্টব্য]**

**গোপনীয়**

**অপরাধ উদঘাটনে তথ্য প্রদানকারী, অপরাধ ও আর্থিক পুরস্কার সংক্রান্ত তথ্যাদি :**

| ক্রমিক নং | তথ্য প্রদানকারীর নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | মোবাইল নম্বর | প্রদানকৃত তথ্য | তথ্য প্রদানের তারিখ | বন্যপ্রাণী অপরাধ উদঘাটনের তারিখ | অপরাধ উদঘাটনের স্থান ও অপরাধের সংক্ষিপ্ত বিবরণ | বণ্যপ্রাণী অপরাধীর নাম ও ঠিকানা | ধৃত বন্যপ্রাণী/ বন্যপ্রাণী স্টাফ/ বন্যপ্রাণী জাত দ্রব্য এর নাম, পরিমাপ ও বিবরণ | অপরাধ উদঘাটনকারী কর্মকর্তা ও স্বাক্ষীর নাম ও পদবি | মামলার নম্বর ও তারিখ | তথ্য প্রদানকারীর গোপনীয় নম্বর (Informer's Confidential Number) | কমিটি কর্তৃক আর্থিক পুরস্কার সংক্রান্ত পত্রের স্মারক নম্বর | প্রধান ওয়ার্ডেন কর্তৃক চূড়ান্ত আর্থিক পুরস্কার সংক্রান্ত পত্রের স্মারক নম্বর | আর্থিক পুরস্কারের টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জিয়াউল হাসান** এনডিসি
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd